

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
এফ-৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা।

নং-১৫.৫৮.০০০০.১০৩.০৬.৪০৭.০৩(অংশ-৪)-১১২

তারিখ: ২০/০২/২০২৪

বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ফেব্রুয়ারি, ২০২৪ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী :

ফেব্রুয়ারি, ২০২৪ মাসের মাসিক সমন্বয় সভা ১৩/০২/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১১.০০টায় বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালক জনাব মো. কামরুজ্জামান-এর সভাপতিত্বে দপ্তরের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট 'ক' সংযুক্ত।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ইতোপূর্বে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর ওপর কারো কোনো মতামত/সংশোধনীর প্রস্তাব থাকলে তা অবহিত করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ জানান। এ পর্যায়ে বিগত সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর সভায় শাখাওয়ারী অনিষ্পন্ন বিষয়াদি নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) ফিল্ম শাখা:

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১।	চলচ্চিত্র/তথ্যচিত্র/প্রামাণ্যচিত্র ও এর সংশ্লিষ্ট দ্রব্যাদি সংগ্রহ	চলচ্চিত্র ও চলচ্চিত্র সংশ্লিষ্ট দ্রব্যাদি সংগ্রহ বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, জানুয়ারি, ২০২৪ মাসে ৩৫মি.মি ফরমেটে ১০টি চলচ্চিত্র ও ডিজিটাল ফরমেটে ০২টিসহ মোট ১২টি চলচ্চিত্র সংগ্রহ করা হয়েছে।	সংগ্রহ কাজ অব্যাহত রাখতে হবে।	পরিচালক, ফিল্ম অফিসার
২।	ফিল্ম মিউজিয়ামের জন্য দ্রব্যাদি সংগ্রহ	জানুয়ারি, ২০২৪ মাসে ফিল্ম মিউজিয়ামের জন্য বিশিষ্ট ফটেগ্রাফার ও সাংবাদিক জনাব মিশুক মুনিরের স্ত্রী জনাব মঞ্জুলী কাজী থেকে বাচসাস চলচ্চিত্র পুরস্কার ২০১২, আজীবন সম্মাননা (বাংলাদেশ প্রামাণ্য চলচ্চিত্র উৎসব ২০১৪), জাতীয় গণমাধ্যম প্রশিক্ষণ কেন্দ্র বাংলাদেশ পদক, বিভিন্ন ধরনের ক্যাবল, এটিএন নিউজের ভিজিটিং কার্ড, পোর্টেবল ছোট ব্যাগ, ওয়েট বেল্ট, ক্যামেরার শটার, ছোট পকেট ব্যাগ, ক্যামেরা চার্জার, ব্যাকটেরিয়া ফাইভিং লাইট, ম্যাগনিফাইং গ্লাস, পেনড্রাইভ ও অন্যান্যসহ মোট ৩৫টি আইটেম সংগ্রহ করা হয়েছে।	ক) সংগ্রহ অব্যাহত রাখার লক্ষ্যে প্রয়োজনীয় যোগাযোগ রাখতে হবে।	পরিচালক, সহকারি পরিচালক (অপা:), ফিল্ম অফিসার
৩।	পুরাতন ফিল্ম (৩৫ মি.মি.) সংরক্ষণের উদ্যোগ	ফিল্ম ভল্টে সংরক্ষিত দ্রুত নষ্ট হয়ে যেতে পারে এমন চলচ্চিত্রের তালিকা তৈরী করা হয়েছে। তালিকা অনুযায়ী জরুরী ভিত্তিতে স্ক্যান করে স্টোরেজের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। প্রয়োজনীয় স্টোরেজ সংগ্রহের জন্য কার্যক্রম চলমান রয়েছে।	স্টোরেজ সংগ্রহের কাজ দ্রুত শেষ করে সংরক্ষণ কার্যক্রম শুরু করতে হবে।	পরিচালক, সহকারি পরিচালক (অপা:), ফিল্ম অফিসার
৪।	নষ্ট হয়ে যাওয়া ফিল্মের তালিকা	দ্রুত খারাপ বা পুরোপুরি নষ্ট হয়ে যাওয়া ফিল্মের তালিকা তৈরী করে বিশেষজ্ঞ কমিটির নিকট উপস্থাপন করা রয়েছে। পুরোপুরি নষ্ট হয়ে যাওয়া ফিল্ম বিষয়ে আগামী বিশেষজ্ঞ কমিটির সভায় সিদ্ধান্ত নেয়া হবে।	পুরোপুরি নষ্ট হয়ে যাওয়া ফিল্ম বিনষ্ট করার ক্ষেত্রে ডিএফপি, এফডিসি অথবা অন্যান্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে অভিজ্ঞ ব্যক্তিদের সমন্বয়ে কমিটি গঠন করে তাদের হতে প্রাপ্ত মতামত নিয়ে পরবর্তী বিশেষজ্ঞ কমিটির সভায় উপস্থাপন করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত হয়।	পরিচালক, সহকারি পরিচালক মেইনটেন্যান্স/ (অপা:), ফিল্ম অফিসার

(খ) লাইব্রেরি শাখা:

৫।	গবেষণা	(ক) ২০২৩-২৪ অর্থবছরের জন্য অনুমোদিত ১০টি গবেষণা কর্মের গবেষকদের গবেষণাকর্ম নিয়ে বিশেষজ্ঞ কমিটির সভা আগামী ২০/০২/২০২৪ তারিখে অনুষ্ঠিত হবে। (খ) বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নালে প্রকাশিতব্য প্রবন্ধসমূহের মূল্যায়ন সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়েছে। (গ) ২০২৪-২৫ অর্থবছরের জন্য প্রাপ্ত ৩১টি গবেষণা প্রস্তাবনার মূল্যায়ন পাওয়া গেছে।	(ক) চুক্তিপত্রের শর্ত মোতাবেক চূড়ান্ত গবেষণাকর্ম নির্ধারিত সময়ের মধ্যে জমা প্রদানের জন্য গবেষকদের সাথে যোগাযোগ করতে হবে। (খ) ২০তম জার্নালের প্রচ্ছদ বিষয়ক জার্নাল সম্পাদনা পরিষদের সভা আহ্বান করতে হবে। (গ) ২০২৪-২৫ অর্থবছরের প্রস্তাবনা মূল্যায়ন বিষয়ক আলোচনার জন্য বিশেষজ্ঞ কমিটির সভা আহ্বান করতে হবে।	পরিচালক, সহকারী পরিচালক (মেইনটেন্যান্স), স্টোর অফিসার, লাইব্রেরিয়ান, সহকারি লাইব্রেরিয়ান
৬।	পুস্তক ও জার্নাল মুদ্রণ	২০২৩-২৪ অর্থবছরে মুদ্রণের জন্য ০৫টি গ্রন্থ ও ০১টি জার্নালের ইজিপি সম্পন্ন হয়েছে।	০৫টি গ্রন্থ ও ০১টি জার্নাল মুদ্রণের বিষয়ে দরপত্র প্রাপ্ত প্রতিষ্ঠানকে প্রকাশনা সংক্রান্ত যাবতীয় কনটেন্ট সরবরাহ করতে হবে।	পরিচালক, সহকারী পরিচালক (মেইনটেন্যান্স) ও অপা: স্টোর অফিসার, সহ: লাইব্রেরিয়ান

(গ) হিসাব শাখা :

৭।	বাজেট বাস্তবায়ন	২০২৩-২৪ অর্থবছরে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বাজেট বরাদ্দ ৮ কোটি ৯৬ লক্ষ টাকা। ২০২৩-২৪ অর্থবছরের জানুয়ারি, ২০২৪ মাস পর্যন্ত ব্যয় হয়েছে ৩ কোটি ৫৭ লক্ষ ০৫ হাজার ৩৫০ টাকা। যা মূল বাজেটের ৩৯.৮৫%।	নির্ধারিত সময়ের মধ্যে বাজেট বাস্তবায়ন ও ক্রয় পরিকল্পনা বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে।	পরিচালক, উপপরিচালক, সহ: পরিচালক (অপা:), হিসাবরক্ষণ কর্মকর্তা
৮।	অভ্যন্তরীণ পরিষেবা থেকে আয়	২০২৩-২৪ অর্থবছরের জানুয়ারি, ২০২৪ মাস পর্যন্ত বাংলাদেশ ফিল্ম আর্কাইভের বই বিক্রি, হল ভাড়া ও ফুটেজ বিক্রি বাবদ মোট ৩,৯৩,৩০৭/- টাকা আয় হয়েছে। যা মোট আয়ের ১০.৯২%।	আয়কৃত অর্থ নিয়ম মোতাবেক সরকারি কোষাগারে জমা দিতে হবে।	পরিচালক, সহ: পরিচালক (অপা:), হিসাবরক্ষণ কর্মকর্তা

(ঘ) রক্ষণাবেক্ষণ শাখা :

৯।	বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবন এবং ভবনে স্থাপিত ইলেক্ট্রো-মেকানিক্যাল যন্ত্রপাতি গণপূর্ত অধিদপ্তরের Maintenance Bookএ অন্তর্ভুক্তকরণ	শেরেবাংলা নগর গণপূর্ত বিভাগ-২ এর নির্বাহী প্রকৌশলী ও উপ-বিভাগীয় প্রকৌশলী মহোদয় ১১ ডিসেম্বর ২০২৩ তারিখে ফিল্ম আর্কাইভ ভবন পরিদর্শন করেন। গণপূর্ত বরাদ্দকৃত বাজেট ও দপ্তরের প্রয়োজনীয় মেরামত কাজের অগ্রাধিকার ভিত্তিতে লিফটের পীটের পানি চুইয়ে আসা বন্ধ করার জন্য ট্রীটমেন্টের কাজ প্রথমে সম্পন্ন করবে। এছাড়া, ইলেক্ট্রোমেকানিক্যাল সংশ্লিষ্ট কাজের জন্য গণপূর্ত ই/এম বিভাগ-৭ এর সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।	ভবনের সিভিল কার্যক্রমের জন্য শেরেবাংলা নগর গণপূর্ত বিভাগ-২ এবং ইলেক্ট্রো-মেকানিক্যাল সংশ্লিষ্ট কাজের জন্য গণপূর্ত ই/এম বিভাগ-৭ এর সাথে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের জন্য বাজেট বরাদ্দের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। ভবন রক্ষণাবেক্ষণের কাজ চরছে।	পরিচালক, সহকারী পরিচালক (মেইনটেন্যান্স), এসএই-৪
----	--	---	--	--

(ঙ) অপারেশন শাখা :

১০।	চলচ্চিত্র, তথ্যচিত্র, প্রামাণ্যচিত্র, সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর	ফিল্ম ভল্টে রক্ষিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র ও সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর করার বিষয়ে সভায় জানানো হয়েছে। জানুয়ারি, ২০২৪ মাসে ০৩টি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র (বাদশা, স্লোগান ও পিতা পুত্র) এবং ০৫টি তথ্যচিত্র/প্রামাণ্যচিত্র/সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর হয়েছে।	কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	পরিচালক, উপপরিচালক, সহকারী পরিচালক (অপারেশন), এসএই-১
১১।	ডিজিটাল ফরমেটে চলচ্চিত্র সংগ্রহ	বিভিন্ন উৎস হতে ডিজিটাল ফরমেটে চলচ্চিত্র সংগ্রহের কাজ অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। জানুয়ারি, ২০২৪ মাসে ৩০টি চলচ্চিত্র/প্রামাণ্যচিত্র/তথ্যচিত্র সংগ্রহ করা হয়েছে বলে সভাকে অবহিত করা হয়।	সংগ্রহ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	সহঃ পরিচালক (অপা:), এসএই-৩
১২।	ওয়েবসাইট হালনাগাদকরণ	বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ বিষয়ে সভায় আলোচনা হয়। প্রত্যেক শাখার হালনাগাদকরণযোগ্য তথ্য মাসিক ও ত্রৈমাসিক ভিত্তিতে সিস্টেম এডমিনকে প্রদানের বিষয়ে আলোচনা হয়।	ওয়েবসাইট নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে।	পরিচালক, উপপরিচালক, এসএই-২

(চ) প্রশাসন শাখা :


১৩।	সাংগঠনিক কাঠামো পুনর্বিবিন্যাস	নতুন সৃজিত ৪৯টি পদ অন্তর্ভুক্ত করে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের নিয়োগবিধি প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। প্রশাসনিক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মহোদয়ের সভার স্বাক্ষরিত কার্যবিবরণী পাওয়ার পর আনুষ্ঠানিক কাগজপত্রসহ নিয়োগবিধি ও সাংগঠনিক কাঠামো অনুমোদনের জন্য দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। এ সংক্রান্ত দলিলাদি প্রস্তুতির কার্যক্রম সম্পন্ন হয়েছে।	এ সংক্রান্ত কার্যক্রম দ্রুত শেষ করতে হবে এবং মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	পরিচালক, উপপরিচালক, সহঃ পরিচালক (অপা:), প্রশাসনিক কর্মকর্তা
১৪।	বিভাগীয়/কোর্ট মামলা সিভিল আপিল নম্বর-১৯-২০/২০১৫ (লিভ টু আপিল মামলা বিএফএ-২১৩৭/২০১৩ এবং ২১৩৮/২০১২ হতে উদ্ধৃত) তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় বনাম মো. নজরুল ইসলাম অবসরপ্রাপ্ত লাইব্রেরী সহকারী।	প্রাক্তন লাইব্রেরী সহকারী জনাব মোঃ নজরুল ইসলাম বিশ্বাসকে বাধ্যতামূলক অবসর প্রদান করায় উদ্ধৃত মামলাটির উদ্ভব হয়েছে। উক্ত মামলা দুটির চূড়ান্ত শুনানী ০১/০৮/২০২৩ তারিখে সম্পন্ন হয়েছে। মামলা দুটির রায়ের কপি ইতোমধ্যে সংগ্রহ করা হয়েছে এবং প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।	০১/০৮/২৩ তারিখে মামলার রায় ঘোষিত হয়। এবং উক্ত রায় সরকার পক্ষ জয়ী হয়েছে।	পরিচালক, সহঃ পরিচালক (মেইনটেন্যান্স)
১৫।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি/শুদ্ধাচার/ইনোভেশন/অভিযোগ প্রতিকার/তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন	APA বিষয়ক কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিয়ে সভায় আলোচনা হয়। জানুয়ারি, ২০২৪ মাস পর্যন্ত APA-র অগ্রগতি ৬০.২০% বলে সভাকে অবহিত করা হয়। এছাড়া, শুদ্ধাচার, ইনোভেশন, অভিযোগ প্রতিকার ও তথ্য অধিকার সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে সভায় আলোচনা হয়।	প্রতি মাসের ৫ তারিখের মধ্যে APA প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। লক্ষ্যমাত্রা ও কর্মপরিকল্পনা অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণ, কর্মশালা ও অন্যান্য কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	পরিচালক, উপপরিচালক, এসএই-২, প্রশাসনিক কর্মকর্তা
১৭।	ডি-নথির ব্যবহার	বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সকল কার্যক্রম ডি-নথির মাধ্যমে সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। উক্ত ধারাবাহিকতায় জানুয়ারি, ২০২৪ মাসে বাংলাদেশ ফিল্ম আর্কাইভে ডি-নথির ব্যবহার ৯০.৬৫% বলে সভাকে অবহিত করা হয়।	ডি-নথির কার্যক্রম ১০০% করার জন্য সচেষ্ট থাকতে হবে।	পরিচালক, সকল শাখার প্রধান, এসএই-২, প্রশাসনিক কর্মকর্তা

১৮।	বিদ্যুৎ ব্যবহারে কৃচ্ছতা সাধন	বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়, কৃচ্ছতা সাধন, লাইট, ফ্যান, ইত্যাদি সঠিকভাবে বন্ধ করার মাধ্যমে ইউটিলিটি খাতে ব্যয় সীমিত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, এ বিষয়ে সরকারি নির্দেশনা সকল কর্মকর্তা ও কর্মচারীকে অফিস আদেশের মাধ্যমে অবহিত করা হয়েছে। বিদ্যুতের কৃচ্ছতা সাধনের জন্য পুরো ভবনকে ০৫টি ব্লকে বিভক্ত করে আলাদা সাবমিটার চালু হয়েছে।	অফিস চলাকালীন রুমে কেউ না থাকলে এবং অফিস ত্যাগ করার সময় সকল রুমের লাইট, ফ্যান, পানির কল ইত্যাদি বন্ধ নিশ্চিত করতে হবে।	পরিচালক, উপপরিচালক, দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী
১৯।	পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ	বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ভবনের পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। নিয়মিত ভল্ট, সিনেমা হল এবং ভবন পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। এছাড়া, ভল্টে পরিধেয় বিশেষ পোষাক নিয়মিত পরিষ্কার রাখা নিশ্চিত করতে হবে।	প্রতি মাসের প্রথম সোমবার ভবনের পরিচ্ছন্নতা নিশ্চিতকরণে মহাপরিচালক মহোদয় ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ভবন পরিদর্শন করবেন।	পরিচালক, উপপরিচালক, দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী

(ছ) প্রকল্প বাস্তবায়ন :

২০।	বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রকল্প বাস্তবায়ন	বাংলাদেশ ফিল্ম আর্কাইভ ৬২ কোটি ৬৭ লক্ষ ৯০ হাজার টাকা ব্যয় সম্বলিত “দেশী ও বিদেশী উৎস থেকে মুক্তিযুদ্ধের অডিও ভিজুয়াল দলিল সংগ্রহ ও সংরক্ষণ এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সক্ষমতা বৃদ্ধি” শিরোনামে একটি উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করছে। ২০২৩-২৪ অর্থবছরে প্রকল্পের জন্য ১১.২৫ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে এবং উক্ত বরাদ্দ থেকে ৮.৪০ কোটি টাকা অবমুক্ত করা হয়। তন্মধ্যে জানুয়ারি/২৪ মাস পর্যন্ত মোট ব্যয় ৪ কোটি ৪৭ লক্ষ ২০ হাজার টাকা। যা মোট বরাদ্দের ৪০%। প্রকল্পের আওতায় ৫০টি জেলার ২৬১ জন বীর মুক্তিযোদ্ধার ওপর ডকুমেন্টারী তৈরীর কাজ সম্পন্ন হয়েছে। চলতি অর্থবছরে British Pathe হতে ১৫৬টি, যুক্তরাষ্ট্রের Getty Images হতে ৭৪টি এবং নেদারল্যান্ডসের RedOrange হতে ৭৫ টি ফুটেজ সংগ্রহ করা হয়েছে। Payment complete করা হয়েছে। স্বাধীনতার ঘোষণার উপর প্রকাশনা হবে। এছাড়া প্রকল্পের আওতায় ০১টি নন লিনিয়ার এডিটিং প্যানেল ক্রয়ের জন্য ১৫/০১/২০২৪ তারিখে চুক্তি সম্পাদিত হয়েছে।	বীর মুক্তিযোদ্ধার ওপর ডকুমেন্টারী তৈরীর কাজ যথাসময়ে শেষ করতে হবে এবং ফুটেজ সংগ্রহের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	প্রকল্প পরিচালক, পরিচালক, প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী
-----	---	---	--	--

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 (মো. কামরুজ্জামান)
 মহাপরিচালক (চলতি দায়িত্ব)
 ফোন : ৪১০২৪৬৩৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- ০১। সিনিয়র সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। প্রকল্প পরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
- ০৩। পরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
- ০৪। উপপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
- ০৫। সহকারী পরিচালক (মেইনটেন্যান্স/অপারেশন), বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
- ০৬। সকল কর্মকর্তা, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, আগারগাঁও, ঢাকা।
- ০৭। সিস্টেম এডমিন, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।
- ০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা।
- ০৯। অফিস নথি।